দৈনিক সংবাদ

তারিখ 25 APR 1994
পৃষ্ঠা ৮ কলাম ৭

20

### ফেল করা ছাত্রদের পাস করানোর দাবিতে ভাঙচুর

# খুলনা পলিটেকনিক ইন্সটিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ

(নিজস্ব বার্তা পরিবেশক)

খুলনা, ২৪শে এপ্রিল।– রেফার্ড পরীক্ষায় ফেল করা ছাত্রদের পাস করানোর দাবিতে ব্যাপক ভাঙচুর, ৪ ঘন্টা ধরে শিক্ষক–কর্মচারীদের তালা মেরে জিম্মি করা এবং পরিশেষে দাঙ্গা পুলিশের হস্তক্ষেপে শিক্ষকদের উদ্ধার ও ২৬ জন ছাত্রকে গ্রেফতার করার ঘটনার জের হিসেবে খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

জানা গেছে, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউটের প্রথম ও দ্বিতীয় বর্ষের সেমিস্টার পরীক্ষায় বেশ কিছু ছাত্র রেফার্ড পায়। কর্তৃপক্ষ তাদের রেফার্ড পরীক্ষার সুযোগ দেয়ার পরও অনেকে পাস করতে পারেনি। এই ফেল করা ছাত্রদের পাস করানোর দাবিতে আজ সকাল ১০ টার পর ছাত্ররা ইনস্টিটিউটের একতলা– দোতলার কয়েকটি কক্ষ ভাঙচুর করে। এসময় হকিস্টিক, বোমা ও রামদা নিয়ে শতাধিক ছাত্র ত্রাসের রাজত্ব সৃষ্টি করে। বেলা ১১ টার দিকে প্রধান গেটে তালা লাগিয়ে শিক্ষক–কর্মচারীদের জিম্মি করা হয়। বেলা ৩ টার দিকে ছাত্ররা জোরপূর্বক অধ্যক্ষের কাছ থেকে পাস করানোর আদেশ লিখে নেয়। এসময় পুলিশ তালা ভেঙে শিক্ষকদের উদ্ধার এবং ঘটনা থেকে ২৬ জন ছাত্রকে গ্রেফতার করে। পুলিশ ছাত্রদের কাছ থেকে বোমা ও রামদা উদ্ধার করে।

ঘটনার পর পরিস্থিতি নিয়ন্ত্রণে কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য ইনস্টিটিউট বন্ধ ঘোষণা করেন।